গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
হরিরামপুর,মানিকগঞ্জ।

হরিরামপুর উপজেলা পরিষদের জানুয়ারি ২০২৪ মাসের মাসিক সভার কার্যবিবরণী:

সভাপতি : দেওয়ান সাইদুর রহমান, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিরামপুর, মানিকগঞ্জ।
সভার তারিখ : ৩১ জানুয়ারি ২০২৪ সভার সময় ঃ সকাল ১২.০০ ঘটিকা।
সভার স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন।

সভায় উপস্থিত সদস্য, প্রতিনিধি ও অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত করা হলো।

সভাপতি উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি সভা পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। অতঃপর সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার সকলকে শুভেচ্ছা ও স্বাগতম জানিয়ে সভার কাজ শুরু করেন। প্রথমেই ২৮ ডিসেম্বর ২০২৩ মাসের সভার কার্যবিবরণী সভায় পাঠ করেন এবং আর কোন সংশোধনী আছে কি-না জানতে চাওয়া হয়। কোন সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। সভায় আলোচ্য বিষয়াদি এবং গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নে উপস্থাপন করা হলো।

| দপ্তর ওয়ারী আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| **বিগত সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদন**<br>সভায় বিগত ২৮ ডিসেম্বর ২০২৩ তারিখের সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। কার্যবিবরণীতে কোন সংশোধনী আছে কিনা জানতে চাওয়া হয়। এ বিষয়ে সভায় আলোচনা করা হয়। | কার্য বিবরণীতে কোন সংশাধনী প্রস্তাব না থাকায় বিগত ২৮ ডিসেম্বর ২০২৪ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| **স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ:**<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা প্রতিনিধি সভায় জানান যে, ডিসেম্বর ২০২৪ মাসে নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ করা হয়:<br>রোগীর সংখ্যা ঃ বহির্বিভাগ-৮,৯৬৭ জন, অন্তঃ বিভাগ-৩৪৩ জন, জরুরী বিভাগ-৯০৬ জন। নরমাল ডেলিভারী ৩৬, সিজার ১০। কমিউনিটি ক্লিনিকে রোগীর সংখ্যা ২৮,৪৭৬ জন। ইপিআই ঃ বিসিজি টিকা-৩০৮ টি। | দপ্তরের কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য নির্দেশনা প্রদান করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা |
| **উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ:**<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, ডিসেম্বর/২০২৩ মোট ৩৫৯ জনকে অস্থায়ী এবং ১১৫ জনকে স্থায়ী ও দীর্ঘমেয়াদি পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণকারীকে সেবা প্রদান করা হয়েছে। বলড়া ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ০২ জন সদর ক্লিনিকে ০১ জন, রামকৃষ্ণপুর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ০১ জন ও গোপীনাথপুর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ০৮ জন মোট ১২ জনকে স্বাভাবিক প্রসব সেবা প্রদান করা হয়েছে। | প্রতিটি ইউনিয়ন পরিষদে প্রসব পূর্ববর্তী ও পরবর্তী সেবা নিশ্চিত করণে উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |

CamScanner

| | | |
|---|---|---|
| **উপজেলা কৃষি বিভাগ:**<br>উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, ডিসেম্বর ২০২৩ মাসে সরকারের উন্নয়ন সহায়তার কার্যক্রম হিসাবে কৃষি পুনর্বাসন/প্রণোদনা কর্মসূচি ২০২৩-২৪ এর আওতায় উপজেলার বিভিন্ন ইউনিয়নে ৩৯০০ জন ক্ষুদ্র প্রান্তি কৃষকদের মাঝে বিনামূল্যে বোরো হাইব্রিড ব্রীজ ও বোরো উফশী বীজ এবং রাসায়নিক (ডিএপি ও এমপি সার) বিতরণ করা হয়। এ পর্যন্ত ৬৪০০ জন কৃষকের মাঝে রবি ফসল (মাশকলাই, গম, সরিষা. ভুট্টা, সূর্যমখী, মুগ, পেয়াজ, খেসারী, বোরো হাইব্রীড ও বোরা উফশী ধান) ফসলের বীজ ও রাসায়নিক সার (ডিএপি ও এমওপি ও এমওপি সার) বিতরণ করা হয়। ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধিও লক্ষ্যে প্রকল্পের আওতায় বিভিন্ন প্রযুক্তি ও প্রদর্শনী বাস্তবায়ন কার্যক্রমসহ কৃষকদের পরামর্শ ও রবি মৌসুমে ফসলের উৎপাদন বৃদ্ধিতে মাঠ পর্যায়ে কার্যক্রম অব্যাহত রয়েছে। | প্রতিটি ইউনিয়নে রোপা আউশ, রোপা আমন ধানের আবাদ ও উৎপাদন বৃদ্ধিতে প্রয়োজনীয় পরামর্শ ও উপদেশ প্রদানে উঠান বৈঠক অব্যহত রাখার জন্য বলা হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা |
| **উপজেলা প্রাণিসম্পদ বিভাগ:**<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, ডিসেম্বর ২০২৩ মাসে নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ করা হয়েছে।<br>১। গবাদি পশুর টিকা প্রদান ৫,০০০ মাত্রা<br>২। হাস মুরগির টিকা প্রদান ৭০,০০০ মাত্রা<br>৩। গবাদি পশুর চিকিৎসা প্রদান ১,৪৭,৬৫৫টি<br>৪। হাসমুরগির চিকিৎসা প্রদান ২৬,০০০টি<br>৫। মৌসুমী ঘাষ চাষ সাধারণ কৃষকের জমিতে ৭০.০০ একর<br>৬। স্থায়ী ঘাষ চাষ প্রশিক্ষণ" প্রাপ্ত কৃষকের জমিতে ০.০২ একর<br>৭। কৃমির প্রজননের সংখ্যা ১১২৬টি গাভীকে<br>৮। শংকর জাতের বাচ্চার জন্মের সংখ্যা ৫৪৮টি<br>৯। রাজস্ব আয় (কৃমি প্রজনন ও টিকা বীজ বিক্রয়লব্ধ ২৬,০৪০ টাকা)<br>বি:দ্র: পিপিআর রোগ নির্মূল ও ক্ষুরারোগ নিয়ন্ত্রণ প্রকল্পের আওতায় বিনা মূল্যে খামারীদের গবাদিপশুকে রোগ প্রতিষেধক টিকা প্রদান ও ক্রিমিনাশক বিতরণ কার্যক্রম পর্যায়ক্রমে চলছে। | দপ্তরের কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য নির্দেশনা প্রদান করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| **উপজেলা মৎস্য বিভাগ:**<br>উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, ডিসেম্বর ২০২৪ মাসের কার্যক্রম<br>১। প্রতি বছরের ন্যায় ০১ নভেম্ব্র ২০২৩ খ্রি. হতে ৩০ জুন ২০২৪ খ্রি. পর্যন্ত জাটকা ইলিশ মাছ আহরণ, পরিবহণ, ক্রয় - বিক্রয় ও বিনিময় সম্পূর্ণ নিষিদ্ধ। এই কার্যক্রম সুষ্ঠভাবে বাস্তবায়নের লক্ষ্যেঃ<br>ক. উপজেলার বিভিন্ন ইউনিয়নে জনসচেতনতা সভা ও লিফলেট বিতরণ।<br>খ. পদ্মা যমুনা বলবন্ত জলমহাল এবং উপজেলার বিভিন্ন হাটবাজারে জাটকা সংরক্ষণে উপজেলা প্রশাসন ও আইন শৃংখলা বাহিনীল সহযোগিতায় অভিযান পরিচালনা অব্যাহত।<br>গ. জাটকা আহরণে বিরত থাকা ১৩টি ইউনিয়নের জেলে পরিবারগুলোর মধ্য হতে বিরন্ধিত ও দুস্থ ১১০০ টি জেলে পরিবারকে পরিবার প্রতি ফেব্রুয়ারী -২৪ এবং মার্চ-২৪ মাসের জন্য ৮০ কেজি হারে মোট ৮৮.০০ মে.টন ভিজিএফ খাদ্যশস্য (চাউল)<br>২।ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রকল্পের অধীনে জেলেদেও বিকল্প কর্মসংস্থান উপকরণ হিসেবে চলতি মাসে ৩২টি নিবন্ধিত ইলিশ জেলে পরিবারের মাঝে ৩২ টি গরু (বকনা বাছুর) বিতরণ সম্পন্ন।<br>৩। মৎস্যচাষ ব্যবস্থাপনা উন্নয়নে পরিদর্শন ও পরামর্শসেবা প্রদান অব্যাহত রয়েছে।<br>৪।সকল প্রকার অবৈধ জাল অপসারণে বিশেষ অভিযান/মোবাইলকোর্ট অব্যাহত।<br>৫। দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান ও স্বাভাবিক রয়েছে। | ০১ নভেম্বর ২০২৩ খ্রি: হতে ৩০ জুন ২০২৪ পর্যন্ত জাটকা ইলিশ মাছ আহরণ, পরিবহন, ক্রয়-বিক্রয় ও বিনিময় বন্ধে মোবাইল কোর্ট অভিযান পরিচালনা অব্যাহত থাকবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা<br>উপজেলা নির্বাহী অফিসার<br>উপজেলা চেয়ারম্যান |

CamScanner

| | | |
|---|---|---|
| **উপজেলা প্রকৌশল বিভাগঃ**<br>জানান যে,<br>১। ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি এডিপির বয়ড়া ব্যতীত সকল ইউনিয়ন হতে অগ্রাধিকার তালিকা পাওয়া গেছে।<br>২। দিয়াবাড়ী সপ্রাবি এর নতুন ভবনের জন্য জায়গা নিয়ে জটিলতা তৈরি হয়েছে। যার সয়েল টেস্টও হয়ে আছে।<br>গোপীনাথপুর ইউনিয়ন পরিষদ রাস্তা অনুমোদন হয়েছে। দ্রুতই টেন্ডার হবে। | দিয়াবাড়ী সপ্রাবি এর নতুন ভবনের জন্য জায়গার জটিলতা নিরসনে চেয়ারম্যান চালা ইউপিকে বলা হয় | উপজেলা প্রকৌশলী<br>চেয়ারম্যান চালা ইউপি |
| উপজেলা শিক্ষা বিভাগঃ<br>ডিসেম্বর ২০২৪ মাসের কার্যক্রম<br>১। সরকারি প্রাথমিক বিদ্যালয়ের এসএমসি গঠন।<br>২। গোপীনাথপুর মধ্যপাড়া সপ্রাবির গেইট এর সামনে স্পীড ব্রেকার স্থাপন ও মরা গাছ অপসারণ।<br>৩। চর মুকুন্দিয়া সপ্রাবির জায়গা নির্ধারণ।<br>আজিমনগর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের জমির অভাবে স্থানান্তর করা হচ্ছে না। ঝিটকা পোদ্দারপাড়া সরকারি প্রাথমিব বিদ্যালয়ের ভবন নির্মাণ করা প্রয়োজন। ডাকরখালি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পুরান টিনশেড নিলাম করা প্রযোজন এবং ৫০ টি সরকারি প্রাথমিক বিদ্যালয় শহীদ মিনার নির্মাণ করা প্রয়োজন। | চর মুকুন্দিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয় স্থানান্তরের জন্য জায়গা নির্বাচনের জন্য সকলকে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট সকল |
| **উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগঃ**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ডিসেম্বর ২০২৩ মাসের কার্যক্রম<br>০১। ২০২৩-২০২৪ অর্থ বছরের ২য় পর্যায়ের টি, আর এবং কাবিটা ও কাবিখা চাল-গম এর তালিকা সকল ইউনিয়ন হতে পাওয়া গেছে অনুমোদনের জন্য জেলায় প্রেরণ করা হবে।<br>০২। ২০২৩-২০২৪ অর্থ বছরের টি.আর.এবং কাবিখা-চাল গম এর ১ ম পর্যায়ের সকল প্রকল্পের কাজ চলমান রযেছে কিন্তু বাস্তবায়নের সময় সীমা ৩১.০১.২০২৪ পর্যন্ত রয়েছে।<br>০৩। হেরিং বোন বন্ড (এইচবিবি) প্রকল্পের কাজ চলমান রয়েছে।<br>০৪। ব্রীজের কাজ চলমান রয়েছে।<br>০৫।ইজিপিপি কসুচির কাজ গত ০৬.০১.২০২৪ তারিখে সমাপ্ত হয়েছে এবং উপকারভোগীদের বিল অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম যথানিয়মে চলছে। | ২০২৩-২৪ অর্থ বছরে টি, আর কাবিখা ও কাবিটার ১ম বরাদ্দের অনুকূলে প্রকল্প প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউপি চেয়ারম্যান (সকল)<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br>উপজেলা নির্বাহী অফিসার |
| উপজেলা মহিলা বিষয়ক বিভাগঃ<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ডিসেম্বর ২০২৪ মাসের কার্যক্রম<br>১। অত্র উপজেলার প্রতিটি ইউনিয়নে প্রতিমাসে ০৬(ছয়) জন করে মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ভাতাভোগী নির্বাচন করে ইউনিয়ন কমিটির মাধ্যমে রেজুলেশনসহ ১-২০ তারিখের মধ্যে সকল কাগজপত্র হার্ড কপি ও সফট কপি উপজেলা কমিটিতে প্রেরণের জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, হরিরামপুর মানিকগঞ্জে সংশ্লিষ্ট ইউ,পি চেয়ারম্যানগণ প্রেরণ নিশ্চিত করবেন।<br>২। অত্র উপজেলার প্রতিটি ইউনিয়নে প্রতিমাসে (ভিডাব্লিউবি) খাদ্য শস্য ৩০ কেজি চাল (সেলাইকৃত বস্তা) ডি ও বাজেট বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে প্রদান করা হবে।<br>৩। এ ছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে চলমান আছে। | দপ্তরের কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য নির্দেশনা প্রদান করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |

CamScanner

| | | |
|---|---|---|
| উপজেলা যুব উন্নয়ন বিভাগ:<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ডিসেম্বর ২০২৩ মাসের কার্যক্রম<br>১। ৩০ জন যুব ও যুব নারীকে বিভিন্ন ট্রেডে ১ টি ব্যাচে প্রশিক্ষণ প্রদান করা হয়।<br>(কমপুঞ্জিত ১১ টি ব্যাচ , যুব ও যুবনারী সংখ্যা মোট ৩৩০ জন)<br>২। মোট ০৪ জন যুব ও যুব নারীকে বিভিন্ন ট্রেডে ২৯/০১/২০২৪ তারিখে ৩,৭০০০০ টাকা ঋণ প্রদান করা হয়।<br>৩। মোট ০৮ জন যুব ও যুব নারীকে আত্নকর্মী তৈরী করা হয়। | সচেতনতামূলক প্রশিক্ষণ এর মাধ্যমে যুব ও যুব নারীদের সামাজিক সন্ত্রাসবাদ, মাদক, বাল্য বিবাহ ইভটিজিং যৌতুক জলাবদ্ধতা দূরীকরণ ও ডেঙ্গু সম্পর্কে ধারণ অবহিত সভা অব্যাহত রাখার বিষয়ে বলেন | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| সমাজসেবা বিভাগ:<br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, ডিসেম্বর ২০২৩ মাসের কার্যক্রম<br>সমাজসেবা বিভাগের সামাজিক নিরাপত্তা কর্মসূচীতে চলমান (১) বয়স্ক ভাতা গ্রহীতার সংখ্যা ৭৯৩২ জন, বিধাব ভাতার সংখ্যা ৩৭০৮ জন। প্রতিবন্ধি ভাতার সংখ্যা ৩৩৫৫ জন। মৃত ব্যক্তি/ লাইভভেরিফিকেশন এ না আসা ভাতাভোগী বাদ রেখে অতিরিক্ত দায়িত্ব অক্টোবর/২০২৩ হতে ডিসেম্বার/২০২৩ পর্যন্ত ২য় কিস্তির অর্থ ছাড়করণ করা হয়েছে। সুবর্ণ কার্ডধারীদের মধ্যে এখনো প্রতিবন্ধি ভাতার আওতাভুক্ত হননি তাদেরকে ২০২৩-২৪ অর্থ বছরে ১০ সেপ্টেম্বর ২০২৩ পর্যন্ত অনলাইনে আবেদনের নির্দেশনা ছিল। নির্ধারিত তারিখের মধ্যে হরিরামপুর উপজেলায় মোট ৫৩২ জন প্রতিবন্ধি ভাতার জন্য আবেদন করেছেন।<br>নির্ধারিত তারিখের মধ্যে অনলাইনে হরিরামপুর উপজেলায় মোট ২৬৮৯ জন বয়স্ত ভাতার জন্য আবেদন করেছেন।<br>নির্ধারিত তারিখের মধ্যে অনলাইনে হরিরামপুর উপজেলা মোট ১৮২১ বয়স্ক ভাতার জন্য আবেদন করেছেন।<br>সুদমুক্ত ঋণ খাতে মোট আদায়ের পরিমাণ ১,৯৫৫০২৫ টাকা। এছাড়া জলাদ্ধ পায়খানা ব্যবহার, শিক্ষা, পরিকল্পিত পরিবার গঠন, বাল্য বিবাহ প্রতিরোধ, যৌতুক বিরোধী আন্দোলন ইত্যাদি বিষয়ে জনসাধারণের মধ্যে সচেতনতার লক্ষ্যে গত মাসে ৪টি উঠান বৈঠক করা হয়েছে। | শিক্ষা, স্বাস্থ্য সচেতনতা পরিকল্পিত পরিবার গঠন এবং বাল্য বিবাহ প্রতিরোধ স্যানিটারি পায়খানা ব্যবহার ইত্যাদি বিষয়ে উঠান বৈঠক চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| উপ-সহকারী প্রকৌশলী বিভাগ (জনস্বাস্থ্য):<br>নভেম্বর ২০২৩ কার্যক্রম<br>১। পিইডিপি-৪ প্রকল্পের আওতায় ওয়াশব্লক এর কাজ চলমান।<br>২। সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের মাধ্যমে নলকূপ স্থাপনের কাজ চলমান<br>৩। মানব সম্পদ উন্নয়নে প্রকল্পের আওতায় পাইপ লাইনের মাধ্যমে ৪০ বাড়ীতে কমিউনিটি ভিত্তিক পানি সরবরাহের কাজ চলমান<br>৪। আর্সেনিক ঝুঁকি নিরসন প্রকল্পের আওতায় কাজ সমাপ্তির দিকে | | |
| উপজেলা পল্লী উন্নয়ন বিভাগঃ<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ডিসেম্বর ২০২৩ মাসের কার্যক্রম<br>ঋণ বিতরণ মাসে লক্ষ্যমাত্রা ৩৩.৬০ মাসে অগ্রগতি ৪৩.৩৫<br>ঋণ আদায় মাসে ২২.৯৮ মাসে অগ্রগতি ৩১.৭৩<br>ঋণ বিতরণ বছরে লক্ষমাত্রা ৪০৩.৩৫ বছরে অগ্রগতি ৯৩.৬০<br>ঋণ আদায় বছরে লক্ষমাত্রা ২৭৯.৮৪ বছরে অগ্রগতি ১০০.৪৫<br>প্রশিক্ষণ মাসে ২০০ জন লক্ষ্যমাত্রা অগ্রগতি ০০ জন<br>বছরে লক্ষমাত্রা ১৫০০ জন অগ্রগতি ৪০ জন<br>অত্র অফিসের সামনের রাস্তাটি চলাচলের অযোগ্য হওয়ায় প্রায়ই সাইকেল/ মোটর সাইকেল নিয়ে যাতায়াতের সময় দূর্ঘটনার কবলে পড়তে হয়। রাস্তাটি জরুরি মেরামত করা প্রয়োজন। অফিস চত্বরে সুপেয় পানির ব্যবস্থা না থাকায় জরুরি ভিত্তিতে বিশুদ্ধ খাওয়ার পানির ব্যবস্থা করা প্রয়োজন। | দপ্তরের কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য নির্দেশনা প্রদান করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |

| | | |
|---|---|---|
| উপজেলা খাদ্য বিভাগ:<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, ডিসেম্বর ২০২৩ মাসে কার্যক্রম ওএমএস(টিসিবি) খাতে চাল ৩৪.৫৯৫ ও ইপি খাতে চাল ও গম ১.০৮১ মে.টন এবং কাবিখা খাতে চাল ও গম ৮.৪৪৫ মে.টন বরাদ্দ প্রদান করা হয়েছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। বিভাগীয় অন্যন্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | দপ্তরের কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য নির্দেশনা প্রদান করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| উপজেলা সমবায় বিভাগ:<br>সমবায় কার্যালয়ে ৬৬টি অডিটযোগ্য সমবায় সমিতি রয়েছে। ২০২১-২২ অর্থ বছরে অডিটকৃত সমবায় সমিতি ৪০,৭৭০ টাকা অডিট ফি রাজস্ব ও ভ্যাট ৬,১১৬ টাকা ধার্য্য করা হয়েছে। এর মধ্যে ২৪৬৩০ টাকা অডিট ফি ও ভ্যাট ৩৬৯৫ টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা দেয়া হয়েছে।বর্তমান মাসে ২৫ জন সমবায়ীদের নিয়ে দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ভ্রাম্যমান প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে।<br>অত্র উপজেলা ৩টি আশ্রয়ন প্রকল্প একটি আশ্রয়ন( ফেইজ-২) প্রকল্প রয়েছে। ৩টি আশ্রয়ন প্রকল্পের বর্তমান মাস পর্যন্ত ক্রমপুঞ্জিভূত ঋণ প্রদানের পরিমাণ ৩৬,২০,০০০ টাকা, ক্রমপুঞ্জিভূত ঋণের আসল আদায় ১৬,৪৪,৭৯১ টাকা সার্ভিস চার্জ আদায় ১,৮৭,৪২৮ টাকা। একটি আশ্রয়ন (ফেইজ-২) প্রকল্পের বর্তমান ক্রমপুঞ্জিভূত ঋণ প্রদানে পরিমাণ ৭,৪৪,০০০ টাকা, ঋণের আসল আদায় ২,৭৭,২৭৬ টাকা সার্ভিস চার্জ আদায় ৯,১০৩ টাকা | দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করনের জন্য বলা হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| বলড়া ইউপি:<br>চেয়ারম্যান বলড়া ইউপি সভায় জানান যে, দানিস্তপুর নয়ারহাট রাস্তার উন্নয়ন কাজ চলমান রয়েছে। রাস্তার উন্নয়ন কাজে মাটি সংগ্রহ করা কঠিন হয়ে পড়েছে। তারপর রাস্তার দুই পাশে বাড়ী ঘর থাকাতে মাটি সংগ্রহ করা আরো কঠিন হয়ে পড়েছে। রাস্তার উন্নয়ন কাজ চলমান রাখতে মাটি সংগ্রহের বিষয়টি সহজতর করা প্রয়োজন। নচেৎ মাটির সংকটে রাস্তার উন্নয়ন কাজ বন্ধ হয়ে যাবে মর্মে জানান। বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) ২০২৩-২৪ অর্থ বছরে সকল চেয়ারম্যানদের পিআইসি প্রকল্প দেওয়া প্রয়োজন। টাকার সংকুলান হলে গত অর্থ বছরে যাদের দেয়া হয়েছে তাদের বাদ দিয়ে অবশিষ্ট ইউনিয়নে উক্ত টাকার প্রকল্প দেওয়া প্রয়োজন মর্মে জানান। | দানিস্তপুর নয়ারহাট রাস্তার উন্নয়ন কাজ চলমান রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে চেয়ারম্যান বলড়া ইউপিকে বলা হয়। | চেয়ারম্যান বলড়া ইউপি |
| বাল্লা ইউপি:<br>চেয়ারম্যান, বাল্লা ইউনিয়ন পরিষদ জানান যে, টি আর কাবিখা ও কাবিটার ১ম পর্যায় বরাদ্দের অনুকূলে প্রাপ্ত গৃহীত প্রকল্পের কাজ সমাপ্ত করা হয়েছে। চূড়ান্ত বিল ছাড় করা প্রয়োজন মর্মে উপজেলা চেয়ারম্যানের দৃষ্টি আকর্ষণ করেন। | | |
| গোপীনাথপুর ইউপি:<br>চেয়ারম্যান, গোপীনাথপুর ইউনিয়ন পরিষদ জানান যে, গোপীনাথপুর ইউনিয়ন পরিষদ রোড, নতুন বাজার হতে বাহাদুরপুর বাজার রাস্তা সামান্য বৃষ্টি নামলেই ভেঙ্গে যাবে। জরুরি ভিত্তিতে মেরামত করা প্রয়োজন। এ বিষয়ে উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করেন। হরিরামপুর স্বাস্থ্য কমপ্লেক্সে সেবার খুবই খারাপ। সামান্যতম প্রাথমিক সেবাও রোগীরা পায় না। নার্সদের ব্যবহার খারাপ। হাসপাতাল ব্যবস্থাপনা কমিটির সভাও নিয়মিত হয় না। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে স্বাস্থ্য ও প: প: কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করেন। | | |
| ধুলশুড়া ইউপি:<br>চেয়ারম্যান, ধুলশুড়া ইউনিয়ন পরিষদ জানান যে, ধুলশুড়া ইউনিয়নে আবিধারা মোড়ে কালভার্ট প্রয়োজন। ধুলশুড়া বাজারে পাবলিক টয়লেট প্রয়োজন। এ বিষয়ে উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করেন। এ বিষয়ে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করেন। | | |
| লেছড়াগঞ্জ ইউপি:<br>চেয়ারম্যান, লেছড়াগঞ্জ ইউনিয়ন পরিষদ জানান যে, লেছড়াগঞ্জ ইউনিয়নে ০৬টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শহীদ মিনার নেই। প্রতিটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শহীদ নির্মাণের নির্দেশনা রয়েছে। শহীদ মিনার নির্মাণের কোন বরাদ্দও নেই।<br>মানিকগঞ্জ ফরিদপুরের সীমানা নিয়ে মামলা রয়েছে। ফরিদপুরের লোকজন অবৈধভাবে অনুপ্রবেশ করে বাড়ী ঘর নির্মাণ করছে। এ বিষয়ে পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন মর্মে জানান। | লেছড়াগঞ্জ ইউনিয়নে প্রতিটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শহীদ মিনার নির্মাণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান লেছড়াগঞ্জ ইউনিয়ন পরিষদ |

CamScanner

| | | |
|---|---|---|
| **উপজেলা নির্বাহী অফিসার**<br>উপজেলা নির্বাহী অফিসার জনাব মোঃ শাহরিয়ার রহমান সভায় উপস্থিত সকল সদস্যগনকে শুভেচ্ছা ও অভিনন্দন জানান। সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শহীদ মিনার নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের দৃষ্টি আকর্ষণ করেন।<br>বাংলা ১৪৩১ সনের জন্য ইজারাযোগ্য ২৭টি হাট বাজার ও ৫টি খেয়াঘাটের জন্য দরপত্র বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। সকল হাট বাজার ও খেয়াঘাটের জন্য তিন পর্যায়ে সিডিউল বিক্রি হবে। ১ম পর্যায়ে দরপত্র ফরম বিক্রি হবে ১২ ও ১৩ ফেব্রুয়ারি ২০২৪ এবং ১৪/০২/২০২৪ ইং তারিখে ১.৩০টা পর্যন্ত দাখিল করা যাবে। ঐ দিনই ২.৩০ ঘটিকায় দরপত্র মূল্যায়ন কমিটির মাধ্যমে দরপত্র খোলা হবে।<br>বিভাগীয় কর্মকর্তাগণকে দপ্তরের সার্বিক কাজ যথানিয়মে ও সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করেন এবং সরকারী নির্ধারিত সময়ে অফিসে আসার জন্যও অনুরোধ করা হয়। | | উপজেলা প্রকৌশলী<br><br>উপজেলা নির্বাহী অফিসার<br><br>উপজেলা চেয়ারম্যান |
| **চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিরামপুর, মানিকগঞ্জঃ**<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিরামপুর, মানিকগঞ্জ উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে তার বক্তব্য শুরু করেন। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সেবার মান বৃদ্ধি করতে হবে। ৫০ শয্যা বিশিষ্ট হাসপাতাল। ৫০টি সিট প্রস্তুত রাখা প্রয়োজন মর্মে জানান।<br>২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি(এডিপি) এর আওতায় খাতওয়ারী প্রকল্প দাখিলের জন্য সকল ইউপি চেয়ারম্যানদের দৃষ্টি আকর্ষণ করেন।<br>বাল্লাসহ বিভিন্ন ইউনিয়নের পটাশ সারের চাহিদা রয়েছে। চাহিদা অনুযায়ী কৃষকদের সার সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে উপজেলা কৃষি কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>সকল দপ্তরের কর্মকর্তাগণকে দপ্তরের সার্বিক কাজ যথানিয়মে ও সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য নির্দেশনা প্রদান করেন। | | |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

দেওয়ান সাইদুর রহমান
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
হরিরামপুর, মানিকগঞ্জ

স্মারক নং- ০৫.৩০.৫৬২৮.০০০.০৬.০০২.২৩- /১(৪০) তারিখ: ৩১/০১/২০২৪ খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ :

০১। মাননীয় সংসদ সদস্য, ১৬৯ মানিকগঞ্জ-২, বাংলাদেশ জাতীয় সংসদ।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়।
০৩। কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
০৪। জেলা প্রশাসক, মানিকগঞ্জ।
০৫। উপ-সচিব, স্থানীয় সরকার বিভাগ, মানিকগঞ্জ।
০৬। ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ, হরিরামপুর।
০৭। চেয়ারম্যান................................ ইউনিয়ন পরিষদ, হরিরামপুর।
০৮। উপজেলা.................................... কর্মকর্তা, হরিরামপুর।
০৯। জনাব..............................................................................
১০। অফিস কপি।

(মোঃ শাহরিয়ার রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
হরিরামপুর, মানিকগঞ্জ।

CamScanner